মেহেরপুরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জেলা সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুর জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা পুলিশ বাহিনীর সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে জেলা শিল্পকলা একাডেমীতে এ আনসার সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক শামীম হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি।

প্রধান আলোচক ছিলেন খুলনা রেঞ্জের আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উপ মহাপরিচালক শাহ আহমদ ফজলে রাব্বী (বিএএম)।

বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান মুহাঃ আব্দুস সালাম, জেলা জজ কোর্টের পিপি পল্লব ভট্টাচার্য, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম।

অনুষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত।
মুজিবনগর উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রশিক্ষক মানিক মিয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ১৭ ই এপ্রিল মুজিবনগরে অস্থায়ী সরকার গঠনের সময় ১২ জন আনসার সদস্যদের মধ্যে জীবিত ২ জন বীর মুক্তিযোদ্ধা আনসার সদস্য।

এর আগে জেলা সমাবেশের কেক কাটা ও শান্তির প্রতীক কবুতর উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ এমপি।